

ছাত্র সংগ্রাম পরিষদের

অভিযোগ

**বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে
ছাত্র শিবিরের কর্মীরা
হামলা চালাচ্ছে**

কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের একাংশ অভিযোগ করেছে যে, গত কয়েকদিন ধরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়সহ চট্টগ্রামের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ইসলামী ছাত্র শিবিরের কর্মীরা বিভিন্ন ছাত্র সংগঠনের ওপর হামলা চালাচ্ছে।

গতকাল বৃহস্পতিবার দেয়া এক বিবৃতিতে (মো: তাহেরউল্লাহ স্বাক্ষরিত) ঐক্যবদ্ধভাবে এসব হামলার বিরুদ্ধে কবে দাঁড়ানোর আহ্বান জানানো হয়।

কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের অপর অংশ এক বিবৃতিতে (আশরাফুল হক মুকুল স্বাক্ষরিত) বুধবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের মিছিলের ওপর হামলার নিন্দা করেছে।

বিবৃতিতে অভিযোগ করা হয় যে, ইসলামী ছাত্র শিবির পরিচালিত ওই হামলার ফ্রন্টের ৪ জন কর্মী গুরুতর আহত হয়। তারা চট্টগ্রাম মহসিন কলেজ ও কমান্ড কলেজসহ সমগ্র চট্টগ্রামে একইভাবে হামলা চালাচ্ছে।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন ও জাতীয় ছাত্রলীগ পৃথক পৃথকভাবে অনুরূপ বিবৃতি দিয়েছে।

বিএনপির নির্বাচন স্বাগিত রাখার নিন্দা

কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের একাংশ গতকাল বৃহস্পতিবার এক বিবৃতিতে (মো: তাহেরউল্লাহ স্বাক্ষরিত) বঙ্গবন্ধু বিএনপির নির্বাচনকে কেন্দ্র করে হামলা ও ব্যালট ছিনতাই এবং নির্বাচন স্বাগিত রাখার নিন্দা করেছে।

বিবৃতিতে অনির্ভর নির্বাচনের নতুন তারিখ ঘোষণার দাবী জানানো হয়।

জাতীয় ছাত্রলীগ পৃথকভাবে অনুরূপ বিবৃতি দিয়েছে।